“মুজিব বর্ষের আহবান
সেবায় মিলবে পরিত্রাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
www.dss.gov.bd

নম্বর: ৪১.০১.০০০০.০২০.১৬.০০৫.২০.৪৬৪

তারিখ: ২২ ভাদ্র ১৪২৮ / ০৬ সেপ্টেম্বর ২০২১

বিষয়: আগস্ট ২০২১ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) প্রেরণ।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ০১ জানুয়ারি ২০২০ তারিখের ৪১.০০.০০০০.০২৪.১৬.০০৩.১৮ (অংশ-২)-০১ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নির্ধারিত “ছক” মোতাবেক সমাজসেবা অধিদফতরের আগস্ট ২০২১ মাসের মাসিক অগ্রগতির প্রতিবেদন (ক্যাবিনেট রিপোর্ট) সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্ত: বর্ণানামতে (সফট কপি ই-মেইলে প্রেরণ করা হলো)।

সৈয়দ মোঃ নূরুল বাসির
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোন: ৫৫০০৭০২২
ই-মেইল: director-admin@dss.gov.bd

সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

# মন্ত্রণালয়/বিভাগসমূহের মাসিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নামঃ সমাজসেবা অধিদফতর।
প্রতিবেদনাধীন মাসের নাম : আগস্ট ২০২১ প্রতিবেদন প্রস্তুতির তারিখ : ০৫-০৯-২০২১ খ্রি:

(১) প্রশাসনিক

ক.১ কর্মকর্তা/কর্মচারির সংখ্যা (রাজস্ব বাজেটে ) :

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| মন্ত্রণালয় | -- | -- | -- | -- |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস ( মোট পদ সংখ্যা ) | ১২,৯৮৫ | ১১,১২০ | ১৮৬৫ | |
| মোট | ১২,৯৮৫ | ১১,১২০ | ১৮৬৫ | |

ক.২ শূন্য পদের বিন্যাস :

| অতিরিক্ত সচিব/তদূর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ (যেমন-ডিসি/এসপি) | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় | ৯৭ | ৫০৫ | ৯৫৬ | ৩০৭ | ১৮৬৫ |

ক.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা :

পরিচালক -০২টি
অতিরিক্ত পরিচালক -০২টি
সহকারি পরিচালক -১৯টি
সমাজসেবা অফিসার/সমমান -৭৪টি

ক.৪ নিয়োগ/পদোন্নতি প্রদান :

| প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| -- | -- | -- | -- | - | - | - |

ক.৫ শূন্য পদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

খ.১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে) : প্রযোজ্য নয়।

| | মন্ত্রী | | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী | | সচিব | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | দেশে | বিদেশে | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ভ্রমণ/পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | - | - | - | - | - | - | - |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | - | - | - | - | - | - | - |

খ.২. উপরিউক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা : প্রযোজ্য নয়।

২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য)

ক. অপরাধ সংক্রান্ত : প্রয়োজ্য নয়।

খ. দ্রুত বিচার আইনের প্রয়োগঃ প্রয়োজ্য নয়।

গ. জেলে বন্দীর সংখ্যাঃ প্রয়োজ্য নয়।

গ.১ মৃত্যুদন্ড প্রাপ্ত আসামি সংক্রান্ত : প্রয়োজ্য নয়।

ঘ. প্রশাসনিক প্রয়োজনে কোন বিধি বিধান জরুরিভাবে প্রণয়ন বা সংশোধনের প্রয়োজন অনুভূত হলে তার বর্ণনাঃ প্রয়োজ্য নয়।

(৩) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য) : প্রয়োজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত তথ্যঃ

(ক) উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত: (অঙ্কে ও কথায়) :

| বর্তমান অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা | প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৪৭৯.৪৯<br><br>(চারশত উনআশি কোটি উনপঞ্চাশ লক্ষ টাকা) | ১.৬০০৪<br>(এক কোটি ষাট লক্ষ চার হাজার টাকা)<br>০.৩৩% | --- | --- |

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত তথ্য :

| প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা | প্রতিবেদনাধীন বছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুতপূর্ণ অবকাঠামো | আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| | | ১। ভবন নির্মাণ।<br>২। হাসপাতাল ভবন নির্মাণ।<br>৩।প্রবীণ/প্রবীণাদের জন্য আবাসিক ভবন নির্মাণ। | -- |

(৫) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে)

ক. কৃষি/শিল্প পণ্য, সার, জ্বালানি ইত্যাদিঃ প্রযোজ্য নয়।

খ. কোন বিশেষ সামগ্রী/সার্ভিসের উৎপাদন বা সরবরাহ মূল্যের ক্ষেত্রে বড় রকমের সমস্যা বা সঙ্কটের আশঙ্কা করা হলে তার সংক্ষিপ্ত বর্ণনাঃ প্রয়োজ্য নয়।

গ. বিদ্যুৎ সরবরাহ (মেগাওয়াট) : প্রয়োজ্য নয়।

ঘ. বিদ্যুতের সিস্টেম লস (শতকরা হারে) : প্রয়োজ্য নয়।

ঙ. ডেসার লোডশেডিং- এর সময়কাল (ঘন্টায়) : প্রয়োজ্য নয়।

চ. জ্বালানী তেলের সরবরাহ (মেট্রিক টন): প্রযোজ্য নয়।

ছ. ঢাকা-চট্টগ্রাম মেট্রো এলাকায় পানি সরবরাহ (হাজার গ্যালন): প্রযোজ্য নয়।

(৬) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান : প্রযোজ্য নয়।

(৭) অডিট আপত্তি

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য:

| মন্ত্রণালয়/ সংস্থার নাম | অডিট আপত্তির সংখ্যা | টাকার পরিমাণ (লক্ষ টাকায়) | ব্রডশীটে জবাবের সংখ্যা | নিষ্পত্তির সংখ্যা | জের | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা। | সাধারণ-১৮৯টি<br>অগ্রীম- ৭৯টি<br>২৬৮ টি | ৯৯৪০০৯২৪৩<br>৬৮৯১২০৩৭<br>১০৬২৯২১২৮০<br>(একশত ছয় কোটি উনত্রিশ লক্ষ একুশ হাজার দুইশত আশি) | ২৬টি (সাধারণ)<br>০১টি (অগ্রীম)<br>২৭টি | | সাধারণ-১৮৯টি<br>নতুন- ৭৯টি<br>মোট= ২৬৮টি<br><br>টাকার পরিমান<br>৯৯৪০০৯২৪৩<br>৬৮৯১২০৩৭<br>১০৬২৯২১২৮০<br>(একশত ছয় কোটি উনত্রিশ লক্ষ একুশ হাজার দুইশত আশি) | ১। সুপারিশকৃত ১৩টি অগ্রীম আপত্তির নিষ্পত্তি পত্র জারী করার জন্য অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে।<br>২। ত্রি-পক্ষীয় সভা আহবানের জন্য ১০টি কাযপত্র প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সেসব কেসসমূহের তালিকা: নেই।

(৮) শৃঙ্খলা ও বিভাগীয় মামলা (মন্ত্রণালয় ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে বর্তমান মাসে মামলার সংখ্যা | মন্ত্রণালয়/ অধিদপ্তর/সংস্থা সমূহে মোট মামলার সংখ্যা (১+২) | গত মাসে নিষ্পত্তির সংখ্যা | | | | বর্তমান অর্থবছরে মোট নিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা | বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা (৩-৭) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | চাকুরীচ্যুত /বরখাস্ত | অন্যান্য দন্ড | অব্যাহতি | মোট (৪+৫+৬) | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১১৪ | ০৩ | ১১৭ | ০০ | ০০ | ০১ | ০১ | ০১ | ১১৬<br>১ম শ্রেণির ৩৬ টি,<br>২য় শ্রেণির ০৫ টি,<br>৩য় শ্রেণির ৫০ টি,<br>৪র্থ শ্রেণির ২৫ টি<br>মোট = ১১৬ টি |

(৯) **মানবসম্পদ উন্নয়ন**

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি :

| ক্র: | প্রশিক্ষণ কর্মসুচীর নাম | প্রশিক্ষণের মেয়াদ | উদ্যোগী সংস্থা/এজেন্সীর নাম | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | বৃত্তিমূলক প্রশিক্ষণ (সেলাই, গবাদি পশু পালন, ক্ষুদ্রব্যবসা এবং হাঁস-মুরগি পালন) | সংক্ষিপ্ত প্রশিক্ষণ | সমাজসেবা অধিদফতর | ৩৩,৭৮৯ জন |
| ২ | Training Course for Budgeting and Accounting System in DSS | ২২ ও ২৩ আগস্ট ২০২১ | আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকা | ৩৪ জন |
| ৩ | নব নিযুক্ত সমাজসেবা অফিসার/সমমান কর্মকর্তাগণের ওরিয়েন্টশন কোর্স | ২৩ আগস্ট ২০২১ হতে ০৫ সেপ্টেম্বর ২০২১ | জাতীয় সমাজসেবা একডেমি | ৬৯ জন |

খ. মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক গত মাসে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা : নেই

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারিদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা : নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি নাঃ প্রযোজ্য নহে।

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা : নেই ।

(১০) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের উল্লেখযোগ্য কার্যাবলী/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট : বিভিন্ন কার্যালয়ে/ প্রতিষ্ঠানে ১ম শ্রেণির ৯৭ জন, ২য় শ্রেণির ৫০৫ জন, ৩য় শ্রেণির ৯৫৬ জন এবং ৪র্থ শ্রেণির ৩০৭ জন মোট ১ হাজার ৮৬৫ জন জনবল না থাকায় কার্যাবলী সুষ্ঠুভাবে পরিচালনায় বিঘ্ন সৃষ্টি হচ্ছে।

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা : নেই।

খ). প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলী :

(০১) ২০২১-২২ অর্থবছরে ১৫০টি উপজেলার নীতিমালা অনুযায়ী সকল দরিদ্র, প্রবীণ নাগরিকদের বয়স্ক ভাতা, সকল বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাকে ভাতা কর্মসূচির আওতায় আনা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে ভাতা ব্যবস্থাপনা সিস্টেম Management Information System (MIS) এ মোট ০১ কোটি ২ লক্ষ ৮৪ হাজার জন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা, প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি প্রদান করা হবে।

(০২) ২০২১-২২ অর্থবছরের ১ম কিস্তির (জুলাই ২০২১ হতে সেপ্টেম্বর ২০২১) পযন্ত প্রশাসনিক মন্ত্রণালয় হতে অর্থ ছাড় করা হয়েছে। উক্ত অর্থ মাঠ পর্যায়ে G2P পদ্ধতিতে বিতরণ প্রক্রিয়াধীন আছে। উল্লেখ্য যে, বর্ধিত ভাতাভোগীর অনলাইনে আবেদন আগামী ১০ সেপ্টেম্বর পর্যন্ত বহাল আছে।

(০৩) ২০২০-২১ অর্থবছরের বাজেটে সুদমুক্ত ক্ষুদ্রঋণ (আরএসএস ও দগ্ধ ও প্রতিবন্ধী) কার্যক্রমের ২৮.৪৩ কোটি টাকার মধ্যে ১ম কিস্তি বাবদ ০৭ কোটি ১০ লক্ষ ৭৫ হাজার টাকা ছাড়করণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(০৪) ২০১১-২০১২ অর্থবছর থেকে দেশব্যাপী প্রতিবন্ধিতা সনাক্তকরণ জরিপ কর্মসূচি চলমান রয়েছে। ৩১ আগস্ট ২০২১ পর্যন্ত এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির সংখ্যা ২৩ লক্ষ ২৩ হাজার ৯৪৩ জন।

(০৫) এন্ট্রিকৃত প্রতিবন্ধী ব্যক্তির মাঝে আইডি কার্ড বিতরণ করার কাজ চলমান রয়েছে।

(০৬) ০৩টি শিশু উন্নয়ন কেন্দ্রের ব্যবস্থাপনা ও সেবার মান উন্নয়নকল্পে খসড়া কৌশলপত্র প্রস্তুত করে মহাপরিচালক মহোদয়ের স্বাক্ষরপূর্বক পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অধিদফতর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬৩.১৮.০০৪.২১.৫ তারিখ ০২ আগস্ট ২০২১ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(০৭) শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের প্রশিক্ষণ ও পূনর্বাসন কেন্দ্র (ইআরসিপিএইচ) এর সার্বিক কার্যক্রম পরিচলনার জন্য ব্যবস্থাপনা নীতিমালার খসড়া প্রস্তুত করে অনুমোদনের লক্ষ্যে অধিদফতর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬৩.২২.০০১.২১.৪৭ তারিখ ০৩ আগস্ট ২০২১ যোগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।

(০৮) ১৫ আগস্ট ২০২১ স্বাধনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ পালন উপলক্ষে দোয়া মাহফিল ও আলোচনা সভার আয়োজন করা হয়।

(০৯) ১৫ আগস্ট ২০২১ তারিখ জাতীয় শোক দিবস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে সমাজসেবা অধিদফতরের সদর কার্যালয়সহ সকল প্রতিষ্ঠানে এবং বেসরকারি এতিমখানার ক্যাপিটেশন গ্রান্টপ্রাপ্ত প্রতিষ্ঠানের নিবাসিরা আগামী ১৫ আগস্ট, ২০২১ উপলক্ষ্যে ৫০,০০০ হাজার বার কোরআন খতম করে। এই উদ্দেশ্যে সদর দফতরসহ সকল প্রতিষ্ঠানে দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

(১০) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ উদযাপন উপলক্ষে চিত্রাংকন প্রতিযোগিতার পুরস্কার বিতরণের বই পরিবর্তন করে অধিদফতর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬৩.২৩.০০২.২০.১০১ তারিখ ০৩ আগস্ট ২০২১ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১১) সমাজসেবা অধিদফতর কর্তৃক নিবন্ধনকৃত এতিমখানার ক্যাপিটেশন গ্রান্ট প্রাপ্ত এবং গ্র্যান্টসবিহীন এতিম নিবাসী যাদের বয়স স্তর (১৫-১৭) তাদের তথ্য চেয়ে অধিদফতর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬২.১৬.০০২.২০.২৫ তারিখ ১২ আগস্ট ২০২১ যোগে সকল জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১২) কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় সমাজসেবা অধিদফতরাধীন বিভিন্ন আবাসিক প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীদের কর্মস্থলে উপস্থিতি ও বর্তমান পরিস্থিতিতে করনীয় প্রসঙ্গে ১১(এগার) দফা নির্দেশাবলী প্রস্তুত করে তা যথাযথভাবে পালনের অনুরোধ জানিয়ে অধিদফতর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬২.১৮.০০২.২১.৯৮ তারিখ ১৬ আগস্ট ২০২১ যোগে সকল বিভাগীয় পরিচালক ও জেলা সমাজসেবা কার্যালয়ের উপপরিচালক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৩) শিশু উন্নয়ন কেন্দ্রে সংঘটিত অনাকঙ্খিত ঘটনা এবং ০৩টি শিশু উন্নয়ন কেন্দ্রের ব্যবস্থাপনা ও সেবার মান উন্নয়নকল্পে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করে অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য অধিদফতর হতে স্মারক নং ৪১.০১.০০০০.০৬৩.১৮.০০২.২০.২৫৪ তারিখ ২৮ আগস্ট ২০২১ যোগে ০৩টি শিশু উন্নয়ন কেন্দ্রের তত্ত্বাবধায়ক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।

(১৪) যোগদানকৃত নব নিযুক্ত সমাজসেবা অফিসার/সমমান ৬৯ জন প্রথম শ্রেণীর কর্মকর্তাগণের জাতীয় সমাজসেবা একাডেমি কর্তৃক প্রশিক্ষণ প্রদান।

(১৫) সমাজসেবা অধিদফতরের কোভিড-১৯ মোকাবলায় গৃহীত কার্যক্রমের বিষয়ে বিভিন্ন পদক্ষেপসমূহ নিয়মিত ওয়েবসাইটে প্রকাশ করা হচ্ছে।

## (১০) গ. আগামী ২ মাসে (সেপ্টেম্বর ২০২১, অক্টোবর ২০২১) সম্পাদিতব্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

ক) প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা: প্রযোজ্য নহে;

খ) প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ / উল্লেখযোগ্য কর্মকান্ড:

(০১) ২০২১-২২ অর্থবছরে ক্ষুদ্রঋণের (আরএসএস ও দগ্ধ ও প্রতিবন্ধী) বরাদ্দকৃত অর্থ উপজেলাওয়ারী বিভাজন ও বিতরণ এবং অর্থ সঠিকভাবে উপকারভোগীর মধ্যে ঋণ হিসেবে বিতরণের বিষয়টি মনিটরিং করাসহ সার্বিক অগ্রগতি পর্যালোচনা ও সে বিষয়ে প্রতিবেদন তৈরি ও যথাযথ কর্তৃপক্ষ বরাবর প্রেরণ।

(০২) ২০২১-২২ অর্থবছরে বরাদ্দপ্রাপ্ত সর্বমোট (আরএমসি)২৩.৩২ কোটি (তেইশ কোটি বত্রিশ লক্ষ) টাকার মধ্যে ১ম কিস্তি বাবদ ০৫ কোটি ৮৩ লক্ষ টাকা যথাসময়ে উপজেলা পর্যায়ে বিনিয়োগ নিশ্চিতকরণ।

ঘ. আগামী দুই মাসে (সেপ্টেম্বর ২০২১, অক্টোবর ২০২১) বড় রকমের কোন সমস্যা/সঙ্কটের আশঙ্কা করা হলে তার বিবরণ:- নেই।

05.09.21
মোছাঃ নাসরিন সুলতানা
সমাজসেবা অফিসার (আর ও)
গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা
সমাজসেবা অধিদফতর
আগারগাঁও, ঢাকা।

05.09.2021
খন্দকার গোলাম সরওয়ার
সহকারী পরিচালক
(গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।

মোহাম্মদ রেজাউর রহমান
উপপরিচালক
সমাজসেবা অধিদফতর

সৈয়দ মোঃ নূরুল বাসির
পরিচালক (প্রশাসন ও অর্থ)
সমাজসেবা অধিদফতর, ঢাকা।